

Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 14 May, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা নিয়ে কর্মশালার আয়োজন করেছে মালয়েশিয়ায় জোহর প্রদেশ বিএনপি।

গত রোববার জোহর বারুং বারজায়া ওয়াটারফ্রন্ট হোটেলের বলরুমে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ভারুয়ালিভাবে যুক্ত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান।

কর্মশালায় ৩১ দফা কর্মসূচির মূল লক্ষ্য তুলে ধরেন বিএনপি মালয়েশিয়া শাখার সভাপতি প্রকৌশলী বাদলুর রহমান খান।

তিনি বলেন, “আমাদের প্রিয় নেতা তারেক রহমান যে রাষ্ট্রকাঠামো সংস্কারের স্বপ্ন দেখছেন, আমরা তা বিশ্বজুড়ে ছড়িয়ে দিতে কাজ করে যাচ্ছি। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর ১৯৭৫ সালের বাকশাল ব্যবস্থা থেকে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেন। ১৯৯০ সালে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে স্বৈরাচার পতনের ইতিহাস যেমন আছে, তেমনি ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে তারেক রহমান ফ্যাসিস্ট শাসনের বিরুদ্ধে কার্যকর নেতৃত্ব দিয়েছেন।

জোহর প্রদেশ বিএনপির সভাপতি মো. জয়নুল আবেদিনের সভাপতিত্বে ও প্রচার সম্পাদক রহমত উল্লাহর সঞ্চালনায় কর্মশালায় শুভেচ্ছা বক্তব্য দেন মালয়েশিয়া বিএনপির সহসভাপতি এমজে আলম, এস এম রহমান তনু, জোহর বিএনপি শাখার সাধারণ সম্পাদক মো. আব্দুল মান্নান, মালয়েশিয়া বিএনপির সদস্য জসিম উদ্দিন প্রমুখ।

বিএনপি বেগম খালেদা জিয়া স্বৈরাচার পতন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:14

URL: <https://www.timestodaybd.com/international/2452775807>